

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০১.০০.০০২.২০১৫-৩২২

তারিখ: ০১-১২-২০১৯ খ্রি:


বিষয়: জাতীয় পুষ্টি সেবা (এনএনএস) ওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এর প্যাকেজ নং-১ এর “Promote, Protect and Support Infant Young Child Feeding (IYCF) Practices” এবং প্যাকেজ নং-২ Promotion of Home based Complementary Feeding (C3, 2V) কার্যক্রমের চুক্তি সম্পাদনের প্রশাসনিক অনুমোদন প্রদান

সূত্রঃ (১) স্মারক নং-এনএনএস/ক্রয় (সার্ভিস)/বিবিএফ/২০১/২০১৯/১০৮, তাং-১২-১১-২০১৯ খ্রি:

(২) স্মারক নং-এনএনএস/ক্রয় (সার্ভিস)/বিবিএফ/২০১/২০১৯/১০৯, তাং-১২-১১-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রে লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান সার্ভিসেস প্যাকেজ নং-১ এর “Promote, Protect and Support Infant Young Child Feeding (IYCF) Practices” কার্যক্রমটি ৮,৭৬,৮৫,০০০.০০ (আট কোটি ছিয়াত্তর লক্ষ পঁচাত্তর হাজার) টাকায় এবং প্যাকেজ নং-২ এর “Promotion of Home-based Complementary Feeding (C3.2v)” কার্যক্রমটি ৭,৭৬,৮৮,০০০.০০ (সাত কোটি ছিয়াত্তর লক্ষ আটচল্লিশ হাজার) টাকায় বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন এর মাধ্যমে বাস্তবায়ন চুক্তি সম্পাদনে প্রশাসনিক এবং আর্থিক অনুমোদনের প্রস্তাব প্রেরণ করা হয়। পিপিআর ২০০৮ এর তফসীল-০২ অনুসারে একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠানের জন্য সর্বাধিক ২০ (বিশ) লক্ষ টাকা মূল্যসীমা নির্ধারণ করা হয়। তাছাড়া একক উৎসভিত্তিক নির্বাচনের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি ১১০ অনুসরণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, প্রস্তাবসমূহ বিবেচনার নিমিত্ত পিপিআর, ২০০৮ এর বিধি ১১০ এবং তফসীল-২ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
জাতীয় পুষ্টি সেবা
মহাখালী, ঢাকা

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.১৯.০১.০০২.২০১৬-৩২৫

তারিখ: ০১-১২-২০১৯ খ্রি:

বিষয়: ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৯-২০২০ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের এইচইডি অংশের বর্ধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর প্রশাসনিক অনুমোদন প্রদান।


সূত্র: স্মারক নং ৪৫.০২.০০০০.০০৬.০৫.০০৪.১৯-২৩৫১, তারিখ: ২৯/১০/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির এইচইডি অংশের ২০১৯-২০২০ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের ৪টি প্যাকেজের বিপরীতে ১৪৩২.০০ লক্ষ (চৌদ্দ কোটি বত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত মূল্যের বর্ধিত অংশের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) প্রস্তাবিত ক্রয় সংশোধিত পিএফডি ওপি তে অন্তর্ভুক্ত করতে হবে;
- (খ) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধানন যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (গ) বর্ধিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) ক্রয় প্রক্রিয়ায় OTM (Open Tender Method) পদ্ধতি অনুসরণ করতে হবে;
- (ঙ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে, কোন ক্রমেই বরাদ্দ/বাজেটের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ছ) ক্রয়ের ক্ষেত্রে কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্বাস্থ্য সেবা বিভাগ
ও
লাইন ডাইরেক্টর
ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।